

জাতীয় বিশ্ববিদ্যালয়: অনার্স ৪র্থ ও ডিগ্রি ২য় বর্ষের ২টি পরীক্ষা স্থগিত

প্রতিনিধি, গাজীপুর

: রোববার, ২৩ জুন ২০২৪



দেশের বিভিন্ন অঞ্চলে বন্যা পরিস্থিতি অবনতি হওয়ার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য আগামী ২৪ জুন অনুষ্ঠেয় ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা এবং ২৫ জুন অনুষ্ঠেয় ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান জানান, স্থগিত পরীক্ষার সংশোধিত তারিখ সংশ্লিষ্ট সকলকে পরবর্তীতে অবহিত করা হবে। এছাড়া এসব পরীক্ষার পূর্ব ঘোষিত অন্যান্য তারিখ ও সময়সূচী অপরিবর্তিত থাকবে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যেকোনো তথ্যের জন্য www.nu.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোনো সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।